

অফিস সার্কুলার

বিষয় : একজন রেজিস্টার্ড ডাক্তার এর মাধ্যমে সংস্থায় কর্মরত কর্মীদের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ স্মারক নং-পদ/পক/এইচ.আর এড এডমিন/২০২৩/১৩৯৩, তারিখ : ৩০/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ।

ক) পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র সূচনালগ্ন থেকেই দেশের অনগ্রসর ও সুবিধা বঞ্চিত দরিদ্র জনগোষ্ঠীর জন্য বিভিন্ন উন্নয়ন মূলক কর্মসূচীর অংশ হিসেবে ক্ষুদ্র অর্থায়ন, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, পুষ্টি, স্যানিটেশন ও সমাজ সেবামূলক বহুমুখী ও সমন্বিত কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। সমন্বিত উন্নয়ন কোর্সল এর একটি অপরিহার্য অংশ হলো স্বাস্থ্য কর্মসূচি। পদক্ষেপ দৃঢ় ভাবে বিশ্বাস করে- অন্যান্য কর্মসূচীর পাশাপাশি লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর চাহিদা ভিত্তিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার মাধ্যমে তাদের কাজের গুণগত মান উন্নয়ন করা সম্ভব। তারই ধারাবাহিকতায় বর্ণিত স্মারক সূত্রের আলোকে গত ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ থেকে সংস্থার প্রধান কার্যালয়ের সকল কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি কল্পে ক্ষুদ্র পরিসরে “পদক্ষেপ স্বাস্থ্য কর্মসূচি” এর মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান চলমান রয়েছে।

খ) “পদক্ষেপ স্বাস্থ্য কর্মসূচি” এর আওতায় স্বাস্থ্য সেবার মান আরো উন্নয়নের লক্ষ্যে একজন রেজিস্টার্ড ডাক্তার এর মাধ্যমে সংস্থার কর্মীদের প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে ইতিমধ্যেই ডাঃ মোঃ ইউছুপ নবী কে (মোবাইল নং- ০১৭৪৬৪৬০৭৫) সংস্থার কর্মীদের প্রয়োজনীয় প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানের জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। সে ক্ষেত্রে সংস্থায় কর্মরত কর্মীগণ নিম্নে উল্লেখিত সেবা সমূহ গ্রহণ করতে পারবেন।

১. সংস্থার PIDM এ অবস্থিত স্বাস্থ্য সেবা কেন্দ্রে উপস্থিত কর্মীদের নিয়মিত হেলথ স্ক্রিনিং করা (শরীরের উচ্চতা পরিমাপ, ওজন পরিমাপ, রক্তচাপ নির্ণয়, রক্তে সুগারের পরিমাণ নির্ণয়, পালস ও অক্সিজেন প্রবাহের হার নির্ণয়, শরীরের তাপমাত্রা নির্ণয় এবং কোলেস্টেরল পরিমাপ করা) ও প্রয়োজনীয় ব্যবস্থাপত্র প্রদান করা।
২. প্রতি সপ্তাহে ৩ দিন সোমবার, মঙ্গলবার ও বুধবার দুপুর ২ টা থেকে ৫ টা পর্যন্ত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হবে। সপ্তাহের উল্লেখিত দিনে সরকারি ছুটি কিংবা অন্যকোন বিশেষ কারণে স্বাস্থ্য সেবা প্রদানে অপারগ হলে সপ্তাহের অন্য কোন দিন স্বাস্থ্য সেবা প্রদান করা হবে।
৩. স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট প্রস্তুত ও সংশ্লিষ্ট কর্মীকে প্রদান করা হবে (ই-মেইল / হার্ডকপি)।
৪. সমস্যা বিবেচনা পরবর্তী স্বাস্থ্য সেবা প্রদান ও প্রয়োজ্য ক্ষেত্রে রেফারেল ব্যবস্থা নিশ্চিত করা হবে।
৫. সংস্থার যে কোন পর্যায়ে কর্মরত কর্মীবৃন্দ প্রয়োজ্য ক্ষেত্রে টেলিফোনে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থাপত্র নিতে পারবে।
- গ) অত্র অফিস সার্কুলারটি জারির তারিখ থেকে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।
- ঘ) সূত্রে বর্ণিত স্মারকের আলোকে ইতিপূর্বে জারিকৃত অফিস সার্কুলার এর অন্য সকল বিষয় / নির্দেশনা সমূহ অপরিবর্তিত থাকবে।

“পদক্ষেপ স্বাস্থ্য কর্মসূচি” যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত হলে কোভিড-১৯ সহ অন্যান্য মহামারী মোকাবেলায় সরকারের পাশাপাশি সংস্থার সকল চাকুরীগণের স্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি কল্পে সুদূর প্রসারী ভূমিকা পালন করবে। আলোচ্য স্বাস্থ্য সেবা কর্মসূচিটি বর্তমানে ক্ষুদ্র পরিসরে গ্রহণ করা হলেও ভবিষ্যতে সংস্থার সকল চাকুরীগণ, সদস্য, উপকারভোগী, দরিদ্র ও লক্ষ্যিত জনগোষ্ঠীর স্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে সহায়ক হবে বলে কর্তৃপক্ষ আশা করে।



(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

অনুলিপি (ই-মেইলে প্রেরণ করা হলো):-

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. যুগ্ম পরিচালক (সকল), প্রধান কার্যালয়।
৩. সিনিয়র সহকারী পরিচালক, আই সি টি বিভাগ, প্রধান কার্যালয় (অফিস সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. সংস্থায় কর্মরত সকল কর্মীগণ।
৫. অফিস কপি।

Padakhep Manabik Unnayan Kendra

+৮৮০ ২ ৫৮৬৫১২৬, ০১৭৭৭৭৯৯২২
+৮৮০ ২ ৫৮১১১২৬, ০১৭৭৭৭৯৯২২

info@padakhep.org
www.padakhep.org

বাড়ি নং: ৫৪৮, রোড নং: ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
House # 548, Road # 10, Baitul Aman Housing Society, Adabar, Dhaka-1207

সম্মতনায় ক্ষমতায়নে সামান্য পড়া টেকসই ভবিষ্যতে লক্ষ্য ১৯৮৬ থেকে | Empowering potentials for equitable and sustainable future since 1986

